দৈনিক খবর

তারিখ 04 JUL 1991
পৃষ্ঠা ১ কলাম ৭

১৭

দুই বোর্ডের এসএসসি পরীক্ষা

# ইংরেজীর দিন ১৪৯২ পরীক্ষার্থী বহিষ্কার

।। স্টাফ রিপোর্টার ।।

কুমিল্লা ও যশোর বোর্ডের এসএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে গতকাল ১০৬টি কেন্দ্র থেকে অসদুপায় অবলম্বনের দায়ে ১৪৯২ জনকে বহিষ্কার করা হয়েছে। গতকাল ছিল ইংরেজী পরীক্ষা।

পরীক্ষার্থীদের নকলে সহযোগিতা করার দায়ে কুমিল্লা বোর্ডের ৩টি কেন্দ্র থেকে ৭ জন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। দুই বোর্ডের কোন কেন্দ্রেই গোলযোগের সংবাদ পাওয়া যায়নি। তবে খবর-এর কুমিল্লা সংবাদদাতা জানিয়েছেন, কুমিল্লা বোর্ডের অধীন লাকসাম পশ্চিমগাঁও সরকারী কলেজ কেন্দ্রের ১টি কক্ষে বিদ্যুতের শর্ট সার্কিটের দরুন ২য় পত্রের পরীক্ষার সময় দু'জন পরীক্ষার্থী আহত হয়। ফলে পরীক্ষা ২০ মিনিটের মতো বন্ধ ছিল। বিদ্যুতের ত্রুটি সারানোর পর পুনরায় পরীক্ষা শুরু হয়। খবরের কুমিল্লা জেলা প্রতিনিধি জানান, কুমিল্লা বোর্ডের ৮৫টি কেন্দ্রে ১১৮০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

২-এর পাতায় দেখুন

## ইংরেজীর দিন ১৪৯২ বহিষ্কার

প্রথম পৃষ্ঠার পর

কুমিল্লা জেলার ১৪টি কেন্দ্রে ৪৩১, চাঁদপুর ৭টি কেন্দ্রে ৫৪, জন, ব্রাহ্মণবাড়িয়ার ৭টি কেন্দ্রে ১৬, নোয়াখালীর ২টি কেন্দ্রে ১৫০, ফেনীর ৫টি কেন্দ্রে ১৬১, লক্ষ্মীপুর ৪টি কেন্দ্রে ৮৬, সিলেট ১০টি কেন্দ্রে ৪৫, মৌলভীবাজার ৬টি কেন্দ্রে ৩৮, হবিগঞ্জ ৭টি কেন্দ্রে ২০, চট্টগ্রাম ৭টি কেন্দ্রে ৪৫ ও কক্সবাজার ৬টি কেন্দ্রে ১২৮ জনকে বহিষ্কার করা হয়েছে।

এছাড়া লক্ষ্মীপুরে ৪ জন, চট্টগ্রামে ১ জন ও কক্সবাজারে ২ জন শিক্ষককে নকলে সহযোগিতার জন্য বহিষ্কার করা হয়েছে।

### সিলেট

খবর-এর সিলেট অফিস জানায়, গতকাল সিলেট শহরের কেন্দ্রগুলো থেকে ৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এ নিয়ে ২ দিনের পরীক্ষায় ১২ জন বহিষ্কৃত হল।

সিলেটের নবীগঞ্জ উপজেলায় অসদুপায়ের দায়ে ৬ জনকে বহিষ্কার করা হয়েছে। এদের বহিষ্কার করা হয় জে কে হাই স্কুল পরীক্ষা কেন্দ্র থেকে ঃ এই কেন্দ্রে মোট পরীক্ষার্থী ৩৭৪ জন।

### খুলনা

খুলনা থেকে আমাদের নিজস্ব প্রতিনিধি মকবুল হোসেন মিন্টু জানিয়েছেন, যশোর বোর্ডের অধীন এসএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে ইংরেজী পরীক্ষা চলাকালে খুলনা মহানগরী ২টি উপকেন্দ্র থেকে ৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে রয়েছে খুলনা বি কে ইউনিয়ন ইন্সটিটিউশন থেকে ইংরেজী ১ম পত্রে ২ জন এবং ২য় পত্রে ১ জন ও গভর্নমেন্ট ল্যাবরেটরী স্কুল থেকে ইংরেজী ১ম পত্রে ২ জন পরীক্ষার্থী।

নিজস্ব সংবাদদাতা কিরণ সাহা জানান ঃ যশোর বোর্ডের ২১টি কেন্দ্র থেকে ৩১২ জনকে বহিষ্কার করা হয়েছে।

কোন পরীক্ষা কেন্দ্রে অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া না গেলেও কোন কোন কেন্দ্রে অবাধে নকল হয়েছে বলে জানা গেছে।

যশোর বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষ জানায় ঃ নড়াইলের ১টি কেন্দ্রে ৮, বরগুনার ২টি কেন্দ্রে ৩০, বরিশালের ১টি কেন্দ্রে ৮, পিরোজপুরের ১টি কেন্দ্রে ১০, বাগেরহাটের ১টি কেন্দ্রে ৪, কালীগঞ্জের ১টি কেন্দ্রে ৫, ভোলার ১টি কেন্দ্রে ১৩, খুলনার ১টি কেন্দ্রে ২, ঝালকাঠির ১টি কেন্দ্রে ১৯, বাগেরহাটের ১টি কেন্দ্রে ৪, চুয়াডাঙ্গার ১টি কেন্দ্রে ৭, ঝিকরগাছার ১টি কেন্দ্রে ৪, মোহাম্মদপুরের ১টি কেন্দ্রে ৪, কুষ্টিয়ায় ৬টি কেন্দ্রে ১৬২, লোহাগড়ার ১টি কেন্দ্রে ৪, মনিরামপুরের ১টি কেন্দ্রে ২, চৌগাছার ১টি কেন্দ্রে ৬, যশোরের ১টি কেন্দ্রে ৩ ও ঝিনাইদহের ২টি কেন্দ্রে ১৭ জনকে বহিষ্কার করা হয়েছে।